# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 03-10-2023

## *Time: 19:45-19:55 Hrs*

(১) বাল্য বিবাহের বিরুদ্ধে আসাম পুলিশের সাম্প্রতিক অভিযানে এক হাজারেরও বেশি অভিযুক্ত গ্রেপ্তার/ এরমধ্যে করিমগঞ্জ থেকে ৪৯ জন এবং হাইলাকান্দি থেকে ৫৯ জন অভিযুক্ত/

(২) শিক্ষাসেতুতে শিক্ষক ও ছাত্রছাত্রীদের বিষয়ে বিস্তারিত সন্নিবিষ্ট না করা বিদ্যালয়ের প্রধানদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সমগ্র শিক্ষা বিভাগের নির্দেশনা/

(৩) ২০২৩-২৪ অর্থবছরের রাজ্যের শিল্পী পেনশনের জন্য আগামীকাল থেকে আবেদন করার সুযোগ/

এবং

(৪) বিশ্ব চ্যাম্পিয়ন লাভলীনা বড়গোহাইয়ের এশিয়ান গেম্‌সের মহিলাদের বক্সিং এর ৭৫ কিলোগ্রাম শাখার ফাইনালে প্রবেশ/

---

আসাম পুলিশের বাল্য বিবাহের বিরুদ্ধে পুনরায় চালানো অভিযানে এপর্যন্ত এক হাজারেরও বেশি অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে জানিয়েছেন যে- বাল্য বিবাহের ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা বেড়ে এক হাজার ৩৯ হয়েছে । উল্লেখ্য- গতরাত থেকে রাজ্যের বিভিন্ন প্রান্তে চালানো পুলিশের বিশেষ অভিযানে এইসব অভিযুক্তদের গ্রেপ্তার করা হয়েছে ।

সরকারী সূত্রে জানানো হয়েছে যে- ধুবড়ীতে ১৯০ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে । এরমধ্যে ধুবড়ী সদর থানা এলাকার থেকে ৩৫ জনকে এবং গোলকগঞ্জ থেকে ৪২ জনকে গ্রেপ্তার করা হয়েছে । কামরূপ জেলার হাজো থেকে গতকাল আটজনকে এবং রঙিয়া মহকুমার বিভিন্ন অঞ্চল থেকে ৫ জনকে গ্রেপ্তার করা হয় । বড়পেটার বিভিন্ন স্থান থেকে ১৪২ জনকে, করিমগঞ্জ থেকে ৪৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে । দক্ষিণ শালমারা-মানকাচর থেকে ৩৯ জনকে, চিরাং জেলা থেকে ১০ জনকে, মরিগাও জেলা থেকে ৭ জনকে, নলবাড়ী থেকে ১০ জনকে, কোকরাঝাড় জেলা থেকে ২৪ জনকে এবং দরং জেলা থেকে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ গতকাল রাতে জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ৫৯ জন অবৈধ স্বামী এবং স্বামীর আত্মীয়দের গ্রেপ্তার করেছে । আমাদের সংবাদ দাতা জানিয়েছেন যে গ্রেপ্তার হওয়া ব্যাক্তিদের মধ্যে ৪৫ জন অবৈধ স্বামী এবং ১৪ জন নিকট আত্মীয় রয়েছেন । এদের মধ্যে কাটলিছড়া থানা এলাকা থেকে সর্বাধিক ২১ জন , লালা থানা এলাকা থেকে ১২ জন , পাঁচগ্রাম থানা এলাকা থেকে ২ জন এবং হাইলাকান্দি সদর এলাকা থেকে ৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে । এদিকে হাইলাকান্দি জেলার বাল্য বিবাহ প্রতিরোধ আধিকারীক জলাল উদ্দিন জানিয়েছেন যে জেলায় বাল্য বিবাহের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধি পেয়েছে । পুলিশ বাল্য বিবাহের বিরুদ্ধে কঠোর স্থিতি গ্রহন করায় বাল্য বিবাহ হ্রাস পেয়েছে ।

-------------------------------------------------------------------------------

শিলচরের বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা নিবেদিতা নারী সংস্থার উদ্যোগে এবং কৈলাশ সত্যার্থী চিল্ডরেনস ফাউন্ডেশনের সহযোগীতায় কাছাড় জেলায় বাল্য বিবাহ নির্মূলের জন্য বেশ কিছু কার্য্যসূচী গ্রহন করা হয়েছে । কার্য্যসূচীর মধ্যে রয়েছে আগামী ৮ই অক্টোবর সমাবেশ সঙ্গীত , সংবাদ তালিকা , আগামী ৯ই অক্টোবর সংগীত , পথ নাটিকা , মাইকিং , ১১ই অক্টোবর আর্ন্তজাতিক বালিকা শিশু দিবস উদযাপন , ১৬ই অক্টোবর সকালের সমাবেশে স্কুলে অঙ্গীকার গ্রহন করা , সন্ধ্যায় মোমবাতির শোভাযাত্রা , ক্ষুদিরাম বসুর মূর্তির

পাদদেশের সামনে জমায়েত এবং বাল্য বিবাহ প্রতিরোধে আলোচনা সভা রয়েছে ।

-----------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল রাজ্যের সরকারী কর্মচারী পেনশনারদের চিকিৎসার সুবিধার জন্য মূখ্যমন্ত্রী লোকসেবক আরোগ্য যোজনার শুভারম্ভ করেন । শ্রীমন্ত শঙ্করদেব আর্ন্তজাতিক প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী এই সেবার সূচনা করেন । উদ্বোধনী অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.শর্মা বলেন যে সরকারী কর্মচারী পেনশনারদের চিকিৎসার রিএম্বার্সমেন্টের ক্ষেত্রে স্বচ্ছ ও মসৃণ ব্যাবস্থা গ্রহণের পদক্ষেপ নেওয়া হয়েছিলো । কারণ সরকারী কর্মচারীদের মধ্যে একাংশের চিকিৎসার বিল পরিশোধ তথা পেনশন লাভের ক্ষেত্রে নানা জটিলতার সৃষ্টি হয়েছিলো । রাজ্য সরকার পেনশন ব্যাবস্থা সম্পূর্ণ স্বচ্ছ করার জন্য অনলাইন পোর্টেল চালু করেছে এবং চিকিৎসার বিল সময়মতো লাভ করার জন্য মূখ্যমন্ত্রী লোকসেবক আরোগ্য যোজনা আরম্ভ করেছে । এই যোজনার অধীনে অনলাইন পোর্টেলের মাধ্যমে চিকিৎসার ব্যয় পরিশোধ করা যাবে । এই সুবিধা গ্রহণ করতে সরকারী কর্মচারীদের শীঘ্র পোর্টেলে নাম পঞ্জীয়ন করা সহ তাঁদের ওপর নির্ভরশীল পরিবারের সদস্যদের নামও পঞ্জীয়ন করার আহ্বান জানানো হয়েছে । রাজ্যের সব সরকারী কর্মচারী এবং পেনশনার এই যোজনার হিতাধিকারী হিসেবে যোগ্য বিবেচিত হবেন । ন্যূনতম যোগ্যতা থাকা একজন কর্মচারী এবং পেনশনারের দ্বারা নিজ পছন্দের চিকিৎসালয়ে চিকিৎসা লাভের সুবিধা লাভ করা ছাড়াও হিতাধিকারীদের নিয়মিতভাবে এস এম এসের মাধ্যমে আপডেট দেওয়া হবে । এই যোজনায় আগাম এবং আংশিক পরিশোধের ব্যাবস্থা ছাড়াও হিতাধিকারীর ব্যাঙ্ক একাউন্টে সরাসরি সময় নির্ধারিত চিকিৎসা ব্যায় পরিশোধের ব্যাবস্থা থাকবে ।

-----------------------------------------------------------------------

শিক্ষাসেতুতে শিক্ষক এবং ছাত্রছাত্রীদের নাম সন্নিবিষ্ট না করা বিদ্যালয়গুলির প্রধানদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সমগ্র শিক্ষা বিভাগের পক্ষ থেকে নির্দেশনা জারী করা হয়েছে । নির্দেশ অমান্য করা প্রধান শিক্ষকদের চলতি সেপ্টেম্বর মাসের বেতন বন্ধ রাখা হবে বলে এই নির্দেশনায় জানান ও

হয়েছে । এদিকে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু বিদ্যালয়গুলিতে শিক্ষা সংক্রান্ত এবং পাঠ্যক্রম বর্হিভূত অন্যান্য বিষয়, উভয় দিকেই সরকার বিশেষ গুরুত্ব দিচ্ছে বলে এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন । শিক্ষকদের পাঠ্যক্রমের বাইরে অন্যান্য বিষয়ে বিভিন্ন কার্যসূচীতে নিয়োজিত করা সম্পর্কে চর্চা হওয়ার প্রতি লক্ষ্য রেখে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু শিক্ষার্থীদের ভবিষ্যতের সুনাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে পাঠ্যক্রমের বাইরের বিভিন্ন বিষয়েও সমান গুরুত্ব দিতে হবে বলে তিনি উল্লেখ করেন । তিনি বলেন যে- দেশ, সমাজ এবং ধরিত্রীর প্রতি সচেতন করে তুলতে বিদ্যালয়গুলিতে এধরণের কার্যসূচী গ্রহণ করা হচ্ছে । বিদ্যালয়গুলিতে পোষণ সপ্তাহ, অমৃত বৃক্ষ আন্দোলন এবং অমৃত কলসের মতো কার্যসূচী রূপায়ণ করার বিষয়গুলিকে ইতিবাচক পদক্ষেপ বলে তিনি মন্তব্য করেছেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর লাভ করা স্মৃতিচিহ্ন সমূহ সাধারণ মানুষের জন্য গতকাল থেকে ই-নিলামের ব্যবস্থা করা হয়েছে বলে কেন্দ্রীয় সাংস্কৃতিক মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে । আগামী ৩১শে অক্টোবর পর্যন্ত এরজন্য দরপত্র গ্রহণ করা হবে । এতে অংশগ্রহণ করতে ইচ্ছুক জনসাধারণকে pmmementos.gov.in এ নিজেদের নাম পঞ্জীয়ন করতে হবে। এই নিলামের থেকে সংগৃহীত অর্থ গঙ্গা পুনরুজ্জীবিতকরণ প্রকল্প- ‘নমামী গঙ্গা’তে দেওয়া হবে । এই নিলামের পঞ্চম পর্যায়ে ই-নিলামের জন্য একশো টাকা থেকে শুরু করে ৬৫ লক্ষ টাকা পর্যন্ত স্মৃতিচিহ্ন সমূহ পাওয়া যাবে । নতুনদিল্লির ন্যাশনেল গ্যালারি অব মডার্ন আর্টে স্মৃতিচিহ্নগুলির একটি প্রদর্শনীরও ব্যবস্থা করা হয়েছে । এই প্রদর্শনীতে একশো পঞ্চাশেরও বেশি উল্লেখযোগ্য স্মৃতিচিহ্ন রয়েছে যেগুলিতে দেশের সজীব সাংস্কৃতিক পরিমন্ডলের আভাস পাওয়া যায় ।

এদিকে কেন্দ্রীয় সাংস্কৃতিক পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী মীনাক্ষী লেখি বলেছেন যে- এই স্মৃতিচিহ্ন সমূহ আমাদের গৌরবময় সাংস্কৃতিক ঐতিহ্যকে প্রতিফলিত করে । তিনি এই ই-নিলামে সবাইকে অংশগ্রহণ করার অনুরোধ জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর লাভ করা ৯১২ টিরও বেশি উপহার ই-নিলামের জন্য ওয়েবসাইটে পাওয়া যাবে । এই স্মৃতিচিহ্ন সমূহের দ্বারা চিত্রকলা, ভাস্কর্য, স্থানীয় হস্তশিল্প, মনোমুগ্ধকর লোকশিল্প এবং উপজাতিদের বিভিন্ন শিল্পসামগ্রী সহ পরম্পরাগত শিল্পকলার প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে । এই সামগী সমূহের মধ্যে কয়েকটি গতানুগতিকভাবে লাভ করা সম্মান এবং শ্রদ্ধার প্রতীক রয়েছে যারমধ্যে পরম্পরাগত অঙ্গবস্ত্র, মাথার পাগড়ি, আনুষ্ঠানিক তরোয়াল ইত্যাদিও রয়েছে ।

-----------------------------------------------------------------------------

রাজ্যসরকার ২০২৩-২৪ অর্থ বছরের শিল্পী পেনশন প্রকল্পের হিতাধিকারী নির্বাচনের জন্য শিল্পীদের কাছ থেকে প্রয়োজনীয় প্রমাণপত্র সহ আবেদন আহ্বান করেছে । এসম্পর্কে রাজ্যসরকারের সাংস্কৃতিক সঞ্চালকালয়ের প্রকাশ করা বিজ্ঞপ্তি অনুসারে আগামীকাল সকাল ১০ টা থেকে অনলাইন আবেদন করা যাবে । সাংস্কৃতিক সঞ্চালকালয়ের ওয়েবসাইট www.directorculture.assam.gov.in এবং www.silpisanmanaassam.com এ আবেদন করা যাবে বলে সাংস্কৃতিক সঞ্চালকালয় জানিয়েছে । অনলাইন আবেদন দাখিল করার শেষ দিন হচ্ছে আগামী তেসরা নভেম্বর ।

-----------------------------------------------------------------------------

বিশ্ব চ্যাম্পয়ন তথা টকিও অলিম্পিকের ব্রোঞ্জের পদকজয়ী লাভলীনা বরগোঁহাই এশিয়ান গেমসের মহিলা বক্সিংয়ের ৭৫ কিলোগ্রাম শাখার ফাইনালে প্রবেশ করেছে । আজ অনুষ্ঠিত সেমিফাইনালে লাভলীনা থাইলেন্ডের মানীকন ওয়াইসনকে ৫-০ পয়েন্টের ব্যাবধানে পরাজিত করে । ফাইনালে প্রবেশ করার জন্য লাভলীনা ২০২৪ এর প্যারিস অলিম্পিকের যোগ্যতা অর্জন করেছে ।আগামীকাল অনুষ্ঠেয় ফাইনালে ভারতীয় এই বক্সার চীনের লী কিয়ানের বিরুদ্ধে অবতীর্ণ হবে ।

-----------------------------------------------------------------------------

আসাম প্রকাশনা পরিষদ এবং সারা আসাম পুস্তক প্রকাশক ও বিক্রেতা সংস্থার যৌথ উদ্যোগে হাফলঙে আয়োজিত আসাম বইমেলায় লেখক- সাহিত্যিক ও

পাঠকদের আশাব্যঞ্জক সাড়া পাওয়া গেছে । হাফলঙের সাংস্কৃতিক প্রতিষ্ঠান প্রেক্ষাগৃহ প্রাঙ্গণে আগামী সাতই অক্টোবর পর্যন্ত আয়োজিত আসাম বইমেলায় আজ বিকেল দুটোয় 'ডিমাসা জনগোষ্ঠীর সাংস্কৃতিক ঐতিহ্য' শীর্ষক আলোচনা চক্র অনুষ্ঠিত হয় । এতে বিশিষ্ট গবেষক ডঃ অমলেন্দু ভট্টাচার্য বলেছেন যে- আসামের অন্যতম ভূমিপুত্র ডিমাসাদের বর্ণময় সম্বৃদ্ধ ঐতিহ্য রয়েছে । আসাম বইমেলায় এই বিষয়টিকে কেন্দ্র করে আলোচনা চক্র আয়োজনের বিষয়টি ইতিবাচক চিন্তার প্রতিফলন বলে তিনি মন্তব্য করেছেন । আজকের আলোচনা চক্রে অংশগ্রহণকারী অপর বক্তা ডিমাসা সাহিত্য সভার প্রাক্তন সভাপতি, আকাশবাণী শিলচরের প্রাক্তন কর্মী বিশ্বজ্যোতি বর্মণ ডিমাসাদের সামাজিক কাঠামো, রীতি-নীতি, বিচার পদ্ধতি ইত্যাদি বিষয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক তুলে ধরে বক্তব্য রাখেন । অপর এক আলোচন ইতিহাস-প্রত্নতত্ব বিভাগের গবেষক শ্রীংদা লাংথাসা বলেন যে- ডিমাসাদের বর্ণময় ইতিহাস ও সাংস্কৃতি ঐতিহ্য আসামকে অনন্য মাত্রা প্রদান করেছে । বিশিষ্ট লেখক-গবেষক ডঃ ববিতা ইংতিপি ডিমাসা সমাজে মা এবং মহিলাদের বিশেষ স্থানের কথা উল্লেখ করে তাদের সামাজিক বিকাশ এবং আর্থ-সাংস্কৃতিক পরিচয় সুরক্ষার বিষয় তুলে ধরে বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয় এবং রাজ্য সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ের মধ্যে উপযুক্ত প্রাক্তন সৈনিকদের স্নাতক ডিগ্রী প্রাদনের জন্য আজ একটি সমঝোতা চুক্তি সাক্ষরিত হয়েছে । চুক্ষিতে সাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক ডক্টর প্রদোষ কিরন নাথ এবং রাজ্য সৈনক কল্যান কার্য্যলয়ের সঞ্চালক দীনেশ চন্দ্র মজুমদার । এছাড়াও চুক্তি সাক্ষর অনুস্টানে আসাম বিশ্ববিদ্যালয়ের আচার্য্য তথা প্রাক্তন বায়ুসেনা প্রধান অরূপ রাহা , বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ প্রমূখ । উল্লেখ্য এই চুক্তি সাক্ষরের ফলে সমগ্র রাজ্যের প্রাক্তন সৈনিক যারা বিভিন্ন ক্ষেত্রে চাকুরী প্রার্থী , তারা বিশেষভাবে উপকৃত হবেন ।

---------------------------------------------------------------------------

শিলচর পূর্ত সড়ক বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে শিলচর শহরের ব্রাহ্মনবাড়িয়ার পয়েন্ট থেকে ডি আইজি বাংলো পর্য্যন্ত সড়ক সংস্কারের কাজের জন্য আগামীকাল থেকে ওই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার গ্রাম পঞ্চায়েতগুলি এবং পৌরসভার নির্ধারিত স্থানে শোভাযাত্রা করে অমৃত কলসগুলি জমা দেওয়ার কাজ অব্যাহত রয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে আজ কাটলিছড়া উন্নয়ন খন্ডের অধীন আপিন - রংপুর গ্রামে অমৃত কলস যাত্রায় অংশগ্রহন করেছেন । পরে গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে আয়োজিত এক সভায় আয়ুক্ত শ্রী হিভারে জানান যে জেলা জুড়ে চলা অমৃত কলস যাত্রায় প্রশাসনের শীর্ষ আধিকারিকরা অংশ নিয়েছেন । এর ফলে আধিকারীকরা স্থানীয় সমস্যা সর্ম্পকে অবগত হচ্ছেন এবং সমস্যা সমাধানে এগিয়ে আসছেন । জেলা আয়ুক্ত শ্রী হিভারে জানান যে আগামী ৮ই অক্টোবর অমৃত কলসগুলি উন্নয়ন খন্ডে নিয়ে যাওয়া হবে ।

---------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রীর তদারকী ও দুর্নীতি নিবারণ শাখা অভিযান চালিয়ে আজ হাইলাকান্দি জেলার আব্দুল্লাপুর নিরীক্ষণ চৌকীর এ এস আই হিতেশ নাথকে উৎকোচ গ্রহণ করার অভিযোগে গ্রেপ্তার করেছে । দুই পক্ষের সংঘাত নিষ্পত্তি করা বাবদ এ এস আই হিতেশ নাথ ১০ হাজার টাকা উৎকোচ নেওয়ার সময় অভিযানকারী দলটি তাকে হাতেনাতে আটক করে ।

---------------------------------------------------------------------------

অল আসাম ইলেক্ট্রিসিটি কনজিউমার্স এসোসিয়েশনের পক্ষ থেকে বিদ্যুতের বর্ধিত মাশুল বৃদ্ধির প্রতিবাদে আজ জেলা আয়ুক্তের মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে স্মারক পত্র পাঠানো হয়েছে । এর আগে সংগঠনের পক্ষ থেকে রাজ্যে ঘন ঘন লোডশেডিং এবং বিদ্যুৎ মাশুল বৃদ্ধির প্রতিবাদে বিক্ষোভ সমাবেশে অধ্যাপক অজয় রায় , রনজিৎ চৌধুরী , হায়দর হোসেন চৌধুরী কমল চক্রবর্তী প্রমূখ বক্তব্য রাখেন । স্মারক পত্রে বর্ধিত বিদ্যুৎ মাশুল এবং প্রিপেড স্মার্ট মিটার ব্যবস্থা প্রত্যাহারের দাবী জানানো হয়েছে ।